দৈনিক বাংলা

তারিখ ২২.০/৭/৮২ ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

270

C31

## বুক ব্যাঙ্ক উদ্বোধন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

উপ-প্রধানমন্ত্রী জনাব জামাল-উদ্দিন আহমদ লেখাপড়ার ক্ষেত্রে সর্বাধিক উপযোগিতা সৃষ্টির লক্ষ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বুক ব্যাংক প্রতিষ্ঠার আহবান জানিয়েছেন। তিনি শনিবার টিএসসিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বুক ব্যাঙ্ক উদ্বোধন

(১ম পৃঃ পর)

[illegible]
[illegible]

আহবান জানান।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফজলুল হালিম চৌধুরী।

উপ-প্রধানমন্ত্রী জনাব জামাল-উদ্দিন আহমদ বলেন, ফিন্যান্স বিভাগ প্রতিষ্ঠিত বুক ব্যাংক শিক্ষার ক্ষেত্রে এক নতুন দিগন্তের দ্বার উন্মোচন করেছে। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগ এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্যে এ উদ্যোগ অনুকরণীয় হতে পারে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফজলুল হালিম চৌধুরী বলেন, নানা প্রতিকূলতার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলছে।

তিনি আশা প্রকাশ করেন যে এ বুক ব্যাংককে একটি মডেল হিসেবে ধরে বুক ব্যাংক গড়ার আন্দোলনে সকল শিক্ষা প্রতিষ্ঠান এগিয়ে যাবে।